রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

Office of the Registrar
Pirojpur Science and Technology University
Pirojpur-8500

স্মারক নং-৩৭.০১.৭৯.০১.০০০.০৫৩.১১.০০০১.২৬-২০৬

তারিখ : ১৯ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা	ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা
১	পরিচালক (অর্থ ও হিসাব) গ্রেড-৩, বেতন স্কেল : ১,১৩,০০০-১,৪৮,৮০০/-	০১টি	২	উপপরীক্ষা নিয়ন্ত্রক গ্রেড-৫, বেতন স্কেল : ৮৬,০০০-১,৩৯,৭০০/-	০১টি
৩	সহকারী অধ্যাপক (গণিত) গ্রেড-৬, বেতন স্কেল : ৭১,০০০-১,৩৪,০০০/-	০১টি	৪	হিসাবরক্ষণ কর্মকর্তা গ্রেড-৯, বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি
৫	অডিট অফিসার গ্রেড-৯, বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	৬	সহকারী প্রকৌশলী গ্রেড-৯, বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০২টি
৭	সহকারী প্রোগ্রামার গ্রেড-৯, বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	৮	সহকারী গ্রন্থাগারিক গ্রেড-৯, বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি
৯	মেডিকেল অফিসার গ্রেড-৯, বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	১০	সিকিউরিটি অফিসার গ্রেড-৯, বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি
১১	প্রশাসনিক কর্মকর্তা গ্রেড-১০, বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	১২	স্টোর অফিসার গ্রেড-১০, বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি
১৩	উপসহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-১০, বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	১৪	উপসহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) গ্রেড-১০, বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি
১৫	উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) গ্রেড-১০, বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	১৬	নার্স গ্রেড-১০, বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি
১৭	ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-১৬,বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০১টি	১৮	ক্যাটালগার গ্রেড-১৬, বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০১টি
১৯	প্লাম্বার গ্রেড-১৬, বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০১টি	২০	গাড়িচালক গ্রেড-১৬, বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০২টি
২১	মেডিকেল এটেনডেন্ট গ্রেড-১৬, বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০১টি	২২	অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট গ্রেড-১৬, বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	৩টি
২৩	অফিস সহায়ক গ্রেড-২০, বেতন স্কেল : ২০,০০০-৪৮,৪০০/-	০৩টি			
সর্বমোট পদ					২৯টি

আগ্রহী প্রার্থীগণকে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.prstu.ac.bd-এর CAREER মেন্যুতে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) অনুযায়ী আগামী ৮ নভেম্বর ২০২৬ তারিখ থেকে ২২ নভেম্বর ২০২৬ তারিখ রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। শুধু পিবিপ্রবি'র নিয়োগ পোর্টাল (https://recruitment.prstu.ac.bd) অথবা মূল ওয়েবসাইটের (www.prstu.ac.bd) "Recruitment" লিংকের মাধ্যমে অনলাইনে ফর্ম পূরণপূর্বক আবেদন করা যাবে। সফলভাবে দাখিলকৃত আবেদনপত্র এবং সংযুক্তি সম্বলিত পিডিএফ ফাইল (সনদ ও কাগজপত্র) ডাউনলোডপূর্বক প্রিন্ট করে ২ (দুই) কপি আগামী ৩০ নভেম্বর ২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে রেজিস্ট্রার, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে। আবেদনপত্র পৌঁছানোর নির্ধারিত সময়সীমার পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না। ক্রমিক নং ১, ২ ও ১৮ -এ উল্লেখিত পদে ইতোপূর্বে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

04.11.26

রেজিস্ট্রার
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপর-৮৫০০, বাংলাদেশ

রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

Office of the Registrar
Pirojpur Science and Technology University
Pirojpur-8500

স্মারক : **৩৭.০১.৭৯.০১.০০০.০৫৩.১১.০০০১.২৬-২০৬(১)**

তারিখ : ১৯ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	**সহকারী অধ্যাপক (গণিত বিভাগ)** গ্রেড-৬ বেতন স্কেল : ৭১,০০০-১৩৪,০০০/-	১টি	(ক) প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে; (খ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকতে হবে। স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ১ম শ্রেণি অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে; (গ) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় এবং গণনাযোগ্য শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে; (ঘ) এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০২ (দুই) বছরের সক্রিয় এবং গণনাযোগ্য শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে; (ঙ) পি-এইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় এবং গণনাযোগ্য শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে; (চ) স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে ফার্স্ট অথর হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।
মোট		১টি	
উচ্চ পদে কোনো প্রার্থী পাওয়া না গেলে উচ্চ পদের বিপরিতে নিম্নপদে নিয়োগ দেওয়া যেতে পারে। সেক্ষেত্রে নিয়োগ যোগ্যতা হবে নিম্নরূপ :			
১	**প্রভাষক (গণিত বিভাগ)** গ্রেড- ৯ বেতন স্কেল-৪৪,০০০-১০৫,৯০০/-		(ক) প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে; (খ) স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ১ম শ্রেণি অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে; (গ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকা আবশ্যক।

আগ্রহী প্রার্থীগণকে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.prstu.ac.bd-এর CAREER মেন্যুতে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) অনুযায়ী আগামী ৮ নভেম্বর ২০২৬ তারিখ থেকে ২২ নভেম্বর ২০২৬ তারিখ রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। শুধু পিবিপ্রবি'র নিয়োগ পোর্টাল (https://recruitment.prstu.ac.bd) অথবা মূল ওয়েবসাইটের (www.prstu.ac.bd) "Recruitment" লিংকের মাধ্যমে অনলাইনে ফর্ম পূরণপূর্বক আবেদন করা যাবে। সফলভাবে দাখিলকৃত আবেদনপত্র এবং সংযুক্তি সম্বলিত পিডিএফ ফাইল (সনদ ও কাগজপত্র) ডাউনলোডপূর্বক প্রিন্ট করে ৫ (কপি) কপি আগামী ৩০ নভেম্বর ২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে রেজিস্ট্রার, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে। আবেদনপত্র পৌঁছানোর নির্ধারিত সময়সীমার পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

নিয়োগের শর্তাবলি

১. সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে;
২. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না;
৩. অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না;
৪. বিশ্ববিদ্যালয় শিক্ষকগণ বর্তমানে যে পদে কর্মরত আছেন ঐ পদ বা পরবর্তী উচ্চতর পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা হবে;
৫. বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে সক্রিয় শিক্ষাকাল হিসাবে গণ্য করা হবেনা;
৬. সংশ্লিষ্ট পদের আবেদন ফি বাবদ ২০০.০০ টাকা অনলাইনে নির্দেশিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে;
৭. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্রের স্ক্যান কপি, ছবি ও স্বাক্ষর অনলাইনে নির্দেশিত পদ্ধতিতে আপলোড করতে হবে।

৮. সফলভাবে দাখিলকৃত আবেদনপত্র এবং সংযুক্তি সম্বলিত পিডিএফ ফাইল (সনদ ও কাগজপত্র) ডাউনলোডপূর্বক প্রিন্ট করে ২ (দুই) কপি আগামী ৩০ নভেম্বর ২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে রেজিস্ট্রার, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে। খামের উপরে সংশ্লিষ্ট পদের নাম ও নিজ ঠিকানা উল্লেখ করতে হবে;

৯. উচ্চ পদে কোনো প্রার্থী পাওয়া না গেলে উচ্চ পদের বিপরিতে নিম্নপদে নিয়োগ দেওয়া যেতে পারে;

১০. প্রভাষক পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি, প্রতিবন্ধী, উপজাতি ও তফসিল সম্প্রদায়ভুক্ত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। কোটা সংরক্ষণের বিষয়ে সরকারি নির্দেশনা অনুসৃত হবে;

১১. বিদেশী ডিগ্রির ক্ষেত্রে অবশ্যই বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত সমতাকরণ সনদ (Equivalence Certificate) দাখিল করতে হবে;

১২. কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে;

১৩. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

১৪. প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান টেলিফোন/এসএমএস/ই-মেইল-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৫. সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে মূল সনদপত্র ও সংশ্লিষ্ট পত্রাদির মূল কপিসহ উপস্থিত থাকতে হবে;

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না;

১৭. যে কোন ধরনের তদবির প্রার্থীদের অযোগ্যতা বলে বিবেচিত হবে;

১৮. কোন ধরণের মিথ্যা বা অসত্য তথ্য দিয়ে চাকরি গ্রহণ করলে যেকোন পর্যায়ে চাকরি হতে অপসারিত হতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

04.11.26

(খন্দকার হামিদুর রহমান)
রেজিস্ট্রার
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০, বাংলাদেশ।

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) :
১. পরিচালক (অর্থ ও হিসাব), পিবিপ্রবি;
২. পিএস টু ভিসি, পিবিপ্রবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, পিবিপ্রবি;
৪. অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড।

রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০

Office of the Registrar
Pirojpur Science and Technology University
Pirojpur-8500

স্মারক নং-৩৭.০১.৭৯.০১.০০০.০৫৩.১১.০০০১.২৬-২০৬(২)

তারিখ : ১৯ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি (কর্মকর্তা-কর্মচারী)

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	পরিচালক (অর্থ ও হিসাব) গ্রেড-৩ বেতন স্কেল : ১,১৩,০০০-১৪৮,৮০০/- বয়স : অনূর্ধ্ব ৫৫ বছর।	০১টি	(ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে অথবা অর্থনীতি বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) কমপক্ষে ১৫ (পনের) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে উপপরিচালক/সমমান (গ্রেড-৫) বা তদূর্ধ্ব পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। (গ) প্রার্থীকে সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারনাসহ অর্থ ও হিসাব, বাজেট, অডিট সংক্রান্ত কাজের অভিজ্ঞতা এবং তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
২	উপ পরীক্ষা নিয়ন্ত্রক গ্রেড-৫ বেতন স্কেল : ৮৬,০০০-১,৩৯,৭০০/- বয়স : অনূর্ধ্ব ৪৫ বছর।	০১টি	(ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) কমপক্ষে ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক/সমমান (গ্রেড-৭) বা তদূর্ধ্ব পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। (গ) প্রার্থীকে অবশ্যই সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষা নিয়ন্ত্রণ/প্রশাসন/অ্যাকাডেমিক কাজের অভিজ্ঞতা এবং তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
৩	সহকারী অধ্যাপক গ্রেড-৬ বেতন স্কেল : ৭১,০০০-১৩৪,০০০/-	০১টি	বিস্তারিত শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি অংশ দ্রষ্টব্য।
৪	হিসাবরক্ষণ কর্মকর্তা গ্রেড-৯ বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগ হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীকে সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের প্রতিষ্ঠানে প্রশাসনিক/ অ্যাকাডেমিক কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। (গ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণ ও পরিচালনায় দক্ষ হতে হবে।

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
৫	অডিট অফিসার গ্রেড-৯ বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগ হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীকে সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের প্রতিষ্ঠানে প্রশাসনিক/ অ্যাকাডেমিক কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। (গ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
৬	সহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-৯ বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০২টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পুরকৌশলে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীকে সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। (গ) প্রার্থীকে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার এবং সিভিল ইঞ্জিনিয়ারিং সফটওয়্যার ব্যবহারে পারদর্শী হলে অগ্রাধিকার দেয়া হবে।
৭	সহকারী প্রোগ্রামার গ্রেড-৯ বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন কম্পিউটার সায়েন্স/ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীর MySQL/SQL-Server/PHP/.NET ও Linux/Windows NT এনভায়রনমেন্টে কাজ করা এবং প্রতিষ্ঠানের ওয়েবপেইজ ও প্রোগ্রাম/সফটওয়্যার ডিজাইন/ডেভেলপ করা, ওয়েবসাইট ও অনলাইন প্রোগ্রাম পরিচালনা/রক্ষণাবেক্ষণ বিষয়ের ওপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) প্রার্থীকে সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৮	সহকারী গ্রন্থাগারিক গ্রেড-৯ বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীকে লাইব্রেরি অটোমেশন সফটওয়্যার Koha বা সমমানের ILS (Integrated Library System) এ প্রশিক্ষণ বা ব্যবহারের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। (গ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
৯	মেডিকেল অফিসার গ্রেড-৯ বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই বিএমডিসি কর্তৃক স্বীকৃত ও নিবন্ধিত কোনো মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের অন্যান্য পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।
১০	সিকিউরিটি অফিসার গ্রেড-৯ বেতন স্কেল : ৪৪,০০০-১,০৫,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীর উচ্চতা কমপক্ষে ১৬৭ সেন্টিমিটার (৫´৬˝), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫´৫˝) এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার ও সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার; (গ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। (ঘ) প্রার্থীকে বাংলাদেশ দণ্ডবিধি/মামলার আরজি প্রস্তুত/ড্রাফটিং/মামলার প্যারা-ওয়াইজ স্টেটমেন্ট তৈরীর কাজে অভিজ্ঞতাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১১	প্রশাসনিক কর্মকর্তা গ্রেড-১০ বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। (গ) প্রার্থীকে সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক/অ্যাকাডেমিক কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১২	স্টোর অফিসার গ্রেড-১০ বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। প্রার্থীর স্টোর ম্যানেজমেন্টের ওপর বিশেষ কোর্স থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৩	উপসহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-১০ বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পুরকৌশল বিষয়ে কমপক্ষে ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। তবে, সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীগণ আবেদন করতে পারবে। (খ) প্রার্থীর সংশ্লিষ্ট ক্ষেত্রে এস্টিমেট তৈরির/প্রস্তুতের বিষয়ে বাস্তব/পেশাগত অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১৪	উপসহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) গ্রেড-১০ বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল/ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ কমপক্ষে ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। তবে, সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীগণ আবেদন করতে পারবে। (খ) প্রার্থীর সংশ্লিষ্ট ক্ষেত্রে এস্টিমেট তৈরির/প্রস্তুতের বিষয়ে বাস্তব/পেশাগত অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৫	উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) গ্রেড-১০ বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ কমপক্ষে ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। তবে, সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীগণ আবেদন করতে পারবে। (খ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে এস্টিমেট তৈরির/প্রস্তুতের বিষয়ে বাস্তব/পেশাগত অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৬	নার্স গ্রেড-১০ বেতন স্কেল : ৩২,০০০-৭৭,৩০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক স্বীকৃত ও নিবন্ধিত কোনো প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন নার্সিং এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন নার্সিং ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।
১৭	ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-১৬ বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫ (পঁচিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। (গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজি ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। নথিকরণ, যোগাযোগ ও তথ্য সংরক্ষণ সম্পর্কে সঠিক জ্ঞান, সুন্দর ও পরিচ্ছন্ন কাজ করার সামর্থ্য থাকতে হবে। যথাযথভাবে ফাইলিং, উপস্থাপন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১৮	অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট গ্রেড-১৬ বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	৩টি	(ক) প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। (খ) প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫ (পঁচিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। (গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজি ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। নথিকরণ, যোগাযোগ ও তথ্য সংরক্ষণ সম্পর্কে সঠিক জ্ঞান, সুন্দর ও পরিচ্ছন্ন কাজ করার সামর্থ্য থাকতে হবে। যথাযথভাবে ফাইলিং, উপস্থাপন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
১৯	ক্যাটালগার গ্রেড-১৬ বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। **অথবা** (খ) কোনো স্বীকৃত বোর্ড থেকে যেকোনো বিভাগে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ যে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বা তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হতে হবে। (গ) প্রার্থীকে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে বেসিক কম্পিউটারে (মাইক্রোসফট অফিস, ই-মেইল, ইন্টারনেট ইত্যাদি) প্রশিক্ষণ থাকতে হবে। দাপ্তরিক কাজসহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারে ওপর প্রশিক্ষণ থাকতে হবে। প্রার্থীর ক্যাটালগিং বিষয়ে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২০	প্লাম্বার গ্রেড-১৬ বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং বিষয়ে কমপক্ষে ৩ মাস মেয়াদী ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। **অথবা** (খ) প্রার্থীকে প্লাম্বিং বিষয়ে ডিপ্লোমা ডিগ্রীর অধিকারী হতে হবে। (গ) পানি সরবরাহ ব্যবস্থা, স্যানিটারি ব্যবস্থা এবং নিষ্কাশন ব্যবস্থা স্থাপন করা, সিঙ্ক, টয়লেট, শাওয়ার এবং ওয়াটার হিটারসহ বিভিন্ন প্লাম্বিং ফিক্সচার স্থাপন ও ইনস্টল করা এবং পানি পরিশোধন সিস্টেমসহ বিভিন্ন যন্ত্রপাতি ইনস্টল করা, সেপটিক সিস্টেম এবং নর্দমা লাইন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ করার ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২১	গাড়িচালক (ড্রাইভার) গ্রেড-১৬ বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০২টি	(ক) প্রার্থীকে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সসহ ৩ (তিন) বৎসর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **অথবা** (খ) প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণসহ বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সধারীসহ ৫ (পাঁচ) বৎসর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ভারী মোটরগাড়ি ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
			(গ) প্রার্থীকে ৬/৬ দৃষ্টিসম্পন্নসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। যানবাহন রক্ষণাবেক্ষণ ও লগ বই লেখার অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) ভারী লাইসেন্সধারী প্রার্থীগণকে বিধি অনুযায়ী উচ্চতর স্কেল প্রদান করা যেতে পারে।
২২	মেডিকেল অ্যাটেনডেন্ট গ্রেড-১৬ বেতন স্কেল : ২১,৯০০-৫২,৯০০/-	০১টি	(ক) প্রার্থীকে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিএমডিসি কর্তৃক অনুমোদিত মেডিকেল অ্যাসিস্ট্যান্ট পেশাদার হিসেবে রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে। (খ) প্রার্থীকে বিশ্ববিদ্যালয় কর্তৃক বাসা বরাদ্দ প্রদান করা হলে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করতে হবে।
২৩	অফিস সহায়ক গ্রেড-২০ বেতন স্কেল : ২০,০০০-৪৮,৪০০/-	০৩ টি	(ক) প্রার্থীকে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে কমপক্ষে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
মোট পদ		২৯টি	

বিশেষ দ্রষ্টব্য :
পরিচালক (অর্থ ও হিসাব) ও উপপরীক্ষা নিয়ন্ত্রক পদে পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকার/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকরি হতে অবসরপ্রাপ্ত প্রার্থীগণ চুক্তিভিত্তিক নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

আগ্রহী প্রার্থীগণকে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.prstu.ac.bd-এর CAREER মেন্যুতে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) অনুযায়ী আগামী ৮ নভেম্বর ২০২৬ তারিখ থেকে ২২ নভেম্বর ২০২৬ তারিখ রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। শুধু পিবিপ্রবি'র নিয়োগ পোর্টাল (https://recruitment.prstu.ac.bd) অথবা মূল ওয়েবসাইটের (www.prstu.ac.bd) "Recruitment" লিংকের মাধ্যমে অনলাইনে ফর্ম পূরণপূর্বক আবেদন করা যাবে। সফলভাবে দাখিলকৃত আবেদনপত্র এবং সংযুক্তি সম্বলিত পিডিএফ ফাইল (সনদ ও কাগজপত্র) ডাউনলোডপূর্বক প্রিন্ট করে ২ (দুই) কপি আগামী ৩০ নভেম্বর ২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে রেজিস্ট্রার, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে। আবেদনপত্র পৌঁছানোর নির্ধারিত সময়সীমার পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না। বিশ্ববিদ্যালয় কর্তৃক পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ক্রমিক নং ১, ২ ও ১৮-এ উল্লেখিত পদে ইতোপূর্বে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

নিয়োগের শর্তাবলি

১. গ্রেড ৩-১০ এর পদের আবেদন ফি বাবদ ২০০.০০ টাকা, গ্রেড ১১-১৩ এর পদের আবেদন ফি বাবদ ১৫০.০০ টাকা, গ্রেড ১৪-১৬ এর পদের আবেদন ফি বাবদ ১০০.০০ টাকা এবং গ্রেড ১৭-২০ এর পদের আবেদন ফি বাবদ ৫০.০০ টাকা অনলাইনে নির্দেশিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে;
২. ক্রমিক নং ৪ থেকে ২৩ এর পদে আবেদনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়সসীমা ন্যূনতম ১৮ (আঠার) বছর ও সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে;
৩. আবেদনের জন্য প্রযোজ্য সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, স্থায়ী নাগরিকত্বের সনদপত্র, অন্যান্য কাগজপত্রের স্ক্যান কপি, ছবি ও স্বাক্ষর অনলাইনে নির্দেশিত পদ্ধতিতে আপলোড করতে হবে;
৪. সফলভাবে দাখিলকৃত আবেদনপত্র এবং সংযুক্তি সম্বলিত পিডিএফ ফাইল (সনদ ও কাগজপত্র) ডাউনলোডপূর্বক প্রিন্ট করে ২ (দুই) কপি আগামী ৩০ নভেম্বর ২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে রেজিস্ট্রার, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে। খামের উপরে সংশ্লিষ্ট পদের নাম ও নিজ ঠিকানা উল্লেখ করতে হবে;
৫. অভিজ্ঞতা বলতে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরির অভিজ্ঞতা বুঝাবে;
৬. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সংক্রান্ত শর্ত শিথিলযোগ্য।
৭. কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
৮. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

৯. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান টেলিফোন/এসএমএস/ই-মেইল-এর মাধ্যমে জানানো হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
১০. সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে মূল সনদপত্র ও সংশ্লিষ্ট মূল কাগজ পত্রসহ উপস্থিত থাকতে হবে;
১১. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না;
১২. যে কোনো ধরনের তদবির প্রার্থীদের অযোগ্যতা বলে বিবেচিত হবে;
১৩. কোনো ধরনের মিথ্যা বা অসত্য তথ্য দিয়ে চাকরি গ্রহণ করলে যেকোনো পর্যায়ে চাকরি হতে অপসারণ করা হবে;
১৪. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি (পূর্ণ/আংশিকভাবে) বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
১৫. অনলাইনে আবেদনপত্র পূরণের জন্য পিবিপ্রবি'র নিয়োগ পোর্টাল (https://recruitment.prstu.ac.bd) অথবা মূল ওয়েবসাইটের (www.prstu.ac.bd) "Recruitment" মেন্যুতে সংরক্ষিত নিয়মাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

04.11.26

রেজিস্ট্রার
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পিরোজপুর-৮৫০০, বাংলাদেশ

অনুলিপি (অবগতি ও কার্যার্থে)
১. পরিচালক (অর্থ ও হিসাব), পিবিপ্রবি;
২. পিএস টু ভিসি, পিবিপ্রবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, পিবিপ্রবি;
৪. অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড।